রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

---

**সোমবার, নভেম্বর ১৬, ২০২০**

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০১ অগ্রহায়ণ ১৪২৭/ ১৬ নভেম্বর ২০২০

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২০.৮৯—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার '**পুরাতন ঢাকায় বিদ্যমান কেমিক্যাল গোডাউন ও প্লাস্টিক কারখানা স্থানান্তরসহ সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠানের সার্বিক বিষয় পর্যালোচনা ও সকল বিস্ফোরক জাতীয় দ্রব্যের সঠিক নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার নিমিত্ত মন্ত্রিসভা কমিটি**' নিম্নরূপে গঠন করেছে:

(ক) **কমিটির গঠন:**

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৩. | মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ:**

১. মন্ত্রিপরিষদ সচিব
২. সচিব, জননিরাপত্তা বিভাগ
৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ
৪. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৫. সচিব, সুরক্ষা সেবা বিভাগ

৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

৭. সচিব, শিল্প মন্ত্রণালয়

৮. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(গ) **কমিটির কার্যপরিধি:**

(১) পুরাতন ঢাকায় বিদ্যমান কেমিক্যাল গোডাউন ও ব্যবসা প্রতিষ্ঠান-এর অনুকূলে সাময়িক/অস্থায়ীভাবে সীমিত সময়ের জন্য ট্রেড লাইসেন্স নবায়নের বিষয়টি পর্যালোচনা;

(২) সকল বিস্ফোরক জাতীয় দ্রব্যের সঠিক নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার বিষয়ে সিদ্ধান্ত প্রদান;

(৩) বিস্ফোরক দ্রব্য ব্যবসার লাইসেন্স প্রদান, পরিবহণ, বিপণন, পরিদর্শন ইত্যাদি কার্যক্রমকে একটি দপ্তরের অধীনে (অথরিটি) এনে 'ওয়ানস্টপ' সার্ভিসের মত একটি নতুন ব্যবস্থাপনায় আনয়নের বিষয়টি বিবেচনা করে সুপারিশ প্রদান এবং

(৪) পুরাতন ঢাকার কেমিক্যাল গোডাউন ও প্লাস্টিক কারখানা স্থানান্তরের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

(ঘ) কমিটি প্রয়োজনে উপযুক্ত নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঙ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(ছ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

বেবী পারভীন
উপসচিব
ফোন: ৯৫১১০৮১
ফ্যাক্স: ৯৫৬৬৫৫৯
ইমেইল: ca_sec@cabinet.gov.bd

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত। মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.